**আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা-১০০০ ।**

ডিএফআইএম সার্কুলার লেটার -০৬ তারিখঃ ২৮ জুলাই, ২০১৩
১৩ শ্রাবণ, ১৪২০

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক,
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

**মাতৃত্বকালীন ছুটির মেয়াদ নির্ধারণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ফেব্রুয়ারী ১০, ২০১১ তারিখের ডিএফআইএম সার্কুলার লেটার নং-০৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত জানুয়ারি ০৯, ২০১১ তারিখের এস.আর.ও নং-০৫/নথি নং-০৭.১৭৫.০০৮.০৮.০০.০০১.২০০০/আইন/২০১১ (কপি সংযুক্ত) এর আলোকে আপনাদের প্রতিষ্ঠানে কর্মরত মহিলা কর্মকর্তা/কর্মচারীদের মাতৃত্বকালীন ছুটির মেয়াদ ৬ (ছয়) মাস নির্ধারণপূর্বক প্রতিষ্ঠানের মানব সম্পদ ব্যবস্থাপনা সংক্রান্ত নীতিমালায় অন্তর্ভুক্ত করতে হবে। এ বিষয়ে আপনাদের প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের অনুমোদন গ্রহণপূর্বক প্রণীত নীতিমালা আগষ্ট ৩০, ২০১৩ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ করার জন্য আপনাদেরকে নির্দেশ প্রদান করা হলো।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তিঃ ০১ (এক)

(এ. কে. এম. আমজাদ হোসেন)
উপ মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৪৯

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ১০, ২০১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ**
**প্রবিধি অনুবিভাগ**
**প্রবিধি শাখা-৫**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ পৌষ ১৪১৭ বঙ্গাব্দ/০৯ জানুয়ারি ২০১১ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ০৫/নথি নং ০৭.১৭৫.০০৮.০৮.০০.০০১.২০০০/আইন/২০১১।**— গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে মহামান্য রাষ্ট্রপতি, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন এর সহিত পরামর্শক্রমে, Bangladesh Service Rules (Part-1) এর rule 197 এর sub-rule (1) নিম্নরূপে অধিকতর সংশোধন করিলেন, যথা ঃ।

উপরি-উক্ত Rules এর rule 197 এর sub-rule (1) এর পরিবর্তে নিম্নরূপ sub-rule (1) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

> "(1) Where a female Government servant applies for maternity leave, the authority mentioned in rule 149 or, rule 150, as the case may be, shall grant such leave for a period of six months from the date of commencement of the leave or her confinement for the purpose of delivery, whichever is earlier."।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ইমদাদুল হক**
অতিরিক্ত সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd



মূল্য ঃ টাকা ২.০০